দৈনিক জনকণ্ঠ

তারিখ 12 FEB 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

এআইইউবির সমাবর্তনে

# শর্ত না মানলে বেসরকারী ভার্সিটির ভর্তি বন্ধ করা হবে ॥ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকারী নিয়মনীতি এবং শর্ত না মানলে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর নতুন সেশনে শিক্ষার্থী ভর্তি বাতিল করা হবে। তিনি বৃহস্পতিবার দুপুরে রাজধানীর উত্তরায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এআইইউবি)'র ১৬তম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। খবর বাসস'র।

শিক্ষামন্ত্রী বলেন, সরকারী বিশ্ববিদ্যালয়গুলোর পাশাপাশি বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞান চর্চা কেন্দ্র হবে। আগামী দিনের শিক্ষার্থীরা হবে সামনের সারির সৈনিক। সকলে উদ্যোগী হয়ে কাজ করলে দেশ ও জাতি এগিয়ে যাবে। শিক্ষার্থীদের উদ্দেশে মন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার শিক্ষাবান্ধব। ২০২১ সালের মধ্যে আমরা ভিশন সাফল্য অর্জন করতে চাই। যে কোন মূল্যে শিক্ষাখাতসহ অন্যান্য খাতে ব্যাপক পরিবর্তন আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তিতে শিক্ষার্থীদের যুগোপযোগী করে গড়ে তুলতে হবে।

তিনি বলেন, ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্য আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে বিশ্ব আয়ের দেশে পরিণত হবে। দরিদ্রতা কাটিয়ে উঠতে বিশ্বমানের শিক্ষার প্রয়োজন রয়েছে। দারিদ্র্য দূরীকরণে শিক্ষার কোন বিকল্প নেই।

নাহিদ বলেন, বাংলাদেশের নতুন প্রজন্ম মেধার দিক থেকে দরিদ্র নয়। এরা একদিন বিশ্ব জয় করবে। বিশ্বের অন্যান্য দেশের চেয়ে অর্থনৈতিক দিক দিয়ে দরিদ্র হলেও মেধার দিক থেকে 'দরিদ্র নয় বাংলাদেশ'। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশে নিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত মিস হানি ফাগ্ন এসকেজেয়ার, এআইইউবি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ইশতিয়াক অবেদীন ও ভাইস চ্যান্সেলর ড. কারমেন জেড ল্যামাগনা প্রমুখ।